নেত্রকোনা মেডিকেল কলেজ বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদ ও বিক্ষোভ

খাইরুল ইসলাম- নেত্রকোনা জেলা প্রতিনিধি খায়রুল ইসলাম= নেত্রকোনা মেডিকেল কলেজ বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদ ও দ্রুত স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার দাবিতে মানববন্ধন বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১২ টা নেত্রকোনা আধুনিক সদর হাসপাতালের সামনে সড়কে নেত্রকোনা মেডিকেল কলেজের শিক্ষার্থী ও ইন্টার্ন চিকিৎসকরা এ কর্মসূচি পালন করেন । ঘন্টা ব্যাপী চলা এ কর্মসূচিতে বক্তব্য রাখেন নেত্রকোনা মেডিকেল কলেজের প্রভাষক ডাঃ মাজহারুল আমিন ডাঃ রায়হান ইসলাম ইন্টার্ন শিক্ষার্থী মাহফুজুল হক, শাম্মী, ইমন,আতিক,সিয়াম সহ,অন্যরা। পরে শিক্ষার্থীরা একটি ভিক্ষুক মিছিল নিয়ে জেলা শহরে বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা হলেন যারা এই মেডিকেল কলেজটিকে অকার্যকর করার ষড়যন্ত্র লিপ্ত হয়েছে তাদের এই হীন ষড়যন্ত্র কোনো দিন মেনে নেয়া হবে না। এই প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জীবন নিয়ে ছিনিমিনি খেলতে দেয়া হবে না। শিক্ষার্থীরা তাদের দাবি মেনে না নিলে বৃহত্তর আন্দোলনের হুশিয়ারি দেন এছাড়াও নেত্রকোনা বাসীর ব্যানারে এই দাবিতে নেত্রকোনা জেলা প্রেস ক্লাবের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।